

সর্বজনীন আবাসনের প্রিয় বাসিন্দা,

সর্বজনীন আবাসনের বাসিন্দারা নিউ ইয়র্ক সিটিতে করোনাভাইরাস (COVID-19) এর কারণে আপৎকালীন অবস্থার সময়কালে যে আর্থিক অসম্ভলতার শিকার হতে পারেন তা দূর করার জন্য NYC আবাসন কর্তৃপক্ষ (NYC Housing Authority, NYCHA) যে পদক্ষেপগুলি নিয়েছে সেগুলি আমরা আপনাকে জানাতে চাই:

শহর যতদিন আপৎকালীন অবস্থার অধীনে থাকবে ততদিন পর্যন্ত NYCHA **আবাসিক উচ্ছেদ স্থগিত** রাখছে।

উপার্জনের ক্ষতিতে ভোগা পরিবারগুলিকে NYCHA আমাদের ভাড়া পরিশোধের অসুবিধা কর্মসূচির সুযোগ নিতে উৎসাহিত করে। যদি নিচের সব শর্তগুলি পূরণ হয়, তাহলে আপনি ভাড়া হ্রাসের জন্য যোগ্য হতে পারে:

- সর্বমোট আয় কমপক্ষে 5% হ্রাস পায়;
- বর্তমান ভাড়া নেট পারিবারিক আয়ের 30% এর বেশি হয়; এবং
- আয় হ্রাস কমপক্ষে দুই মাস স্থায়ী হয়ে থাকে।

বাসিন্দারা NYCHA সেলফ-সার্ভিস পোর্টাল (Self-Service Portal) <https://selfserve.nycha.info> এর মাধ্যমে একটি অন্তর্বর্তী পুনঃপ্রত্যয়ন (Interim Recertification) সম্পূর্ণ করে অথবা একটি কাগজের ফর্ম আপনার বাড়িতে ডাকযোগে পাঠানোর জন্য তাদের সম্পত্তি ব্যবস্থাপনার অফিসে (Property Management Office) ফোন করে ভাড়া হ্রাসের জন্য অনুরোধ করতে পারেন।

যে সব পরিবার আয়ের সম্পূর্ণ ক্ষতিতে ভোগেন তারা NYCHA এর শূন্য আয় নীতির (Zero Income Policy) জন্য যোগ্য হতে পারেন; প্রয়োজনীয় যোগ্যতা নির্ণায়ক সাক্ষাৎকারে অংশগ্রহণ করার জন্য অনুগ্রহ করে আপনার সম্পত্তি ব্যবস্থাপনার অফিসে ফোন করুন।

মনে করানো হচ্ছে যে সর্বজনীন আবাসনের বাসিন্দাদের ভাড়া পরিশোধ করার আটটি উপায় আছে, যার অন্তর্ভুক্ত হল ডাকযোগে, MyNYCHA, অনলাইন, একটি অনুমোদিত ব্যাংক বা ক্রেডিট ইউনিয়নে, ফোনের দ্বারা এবং আরও অনেক কিছু। আরও জানতে on.nyc.gov/payrent দেখুন।

COVID-19 এবং কর্তৃপক্ষের ওপরে এর প্রভাব পর্যবেক্ষণ করার জন্য এবং আমাদের বাসিন্দা ও কর্মীদের নিরাপত্তা ও সুস্থতা বজায় রাখতে আমাদের ভূমিকা পালন করার জন্য NYCHA সিটি, স্টেট, ও ফেডারাল অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে। আমরা আপনাকে COVID-19 এর বিষয়ে সাম্প্রতিক তথ্য দেওয়া চালিয়ে যাব, সেগুলি যেমন যেমন ঘটতে থাকবে। আপনার কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে (Customer Contact Center, CCC) - 718-707-7771 নম্বরে ফোন করুন।

আরও তথ্যের জন্য, NYCHA এর ওয়েবসাইট nyc.gov/nycha দেখুন।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।